

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

নম্বর: ২৬.০৪.০০০০.১০৮.১৯.২৭৭.১৭. ৯৮৪


তারিখ: ০২ ডিসেম্বর ২০১৯

কারণ দর্শানোর নোটিশ

যেহেতু আপনি জনাব মোঃ আব্দুস সালাম, সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অধ:স্তন দপ্তর হিসেবে পাবনা জেলা কার্যালয়ে কর্মরত আছেন। দৈনন্দিন পৈয়াজ এর বাজার দর বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য নির্দেশনার পরিপ্রেক্ষিতে সকল জেলা কার্যালয় থেকে প্রতিদিন পৈয়াজ এর বাজার দর সংগ্রহপূর্বক একীভূতকরে তা বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়ে থাকে।

যেহেতু আপনি আপনার কার্যালয় থেকে নিয়মিত পৈয়াজ এর বাজার দর অধিদপ্তরের প্রধান কার্যালয়ে প্রেরণ করতে প্রায়শ:ই বিলম্ব করে থাকেন এবং বার বার টেলিফোনে তাগিদ দিয়ে আপনার নিকট থেকে তথ্য সংগ্রহ করতে হয়। অধিকতর অদ্য ০২ ডিসেম্বর ২০১৯ তারিখ প্রধান কার্যালয় থেকে গবেষণাগার সহকারী মোছাঃ লাবনী খাতুন পৈয়াজের বাজার দরের তথ্য প্রেরণের জন্য আপনাকে অনুরোধ জানালে আপনি তাঁকে টেলিফোনে সহযোগিতা করার পরিবর্তে উর্ধ্বতন কাউকে টেলিফোন করার জন্য বলেন যা সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী।

এক্ষণে, সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) মোতাবেক অসদাচরণ এর দায়ে অভিযুক্ত করে কেন উক্ত বিধিমালার অধীনে বিভাগীয় মামলা রুজু করে যথোপযুক্ত দন্ড প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তা এ নোটিশ প্রাপ্তির ০৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।



মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৮১৮৯৪২৬

ই-মেইল: dg@dncrp.gov.bd

জনাব মোঃ আব্দুস সালাম
সহকারী পরিচালক
জাতীয় ভোক্তা- অধিকার সংরক্ষণ অধিদপ্তর
পাবনা জেলা কার্যালয়, পাবনা।

অনুলিপি:

- ১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক (কার্যক্রম ও গবেষণাগার)/(প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপপরিচালক, রাজশাহী বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী।
- ৪। অফিস কপি।